

### প্রতিবেশী

খুব কাছে আছি। অথচ জানালা খুলেই অচেনা ঘর  
ট্রাণজিস্টারে অনামী গায়ক।

আটপেয়ে ভাষার ঝড়।

একসাথে ঘেষাঘেষি দালান বাড়ি, রাত জাগা আলো  
ইট কাঠ পাথর।

ভোর বেলাকার উরন্ত বাতাসে পেয়ালার টুংটাং  
পায়রার আনাগোনা, চডুইয়ের কিচির মিচির।  
নিত্যদিনের রুটিন ভেঙ্গে ভাবি দেখবো এবার

কেমন আছেন আমার প্রতিবেশী

কি করেন? কি ভাবে জীবন কাটান?

সংকল্প নিয়ে যাই দরজায়

নিঃশব্দে গুনে যাই জীবনের প্রহর,

প্রতিষ্কার অন্তে খুলে যায় দ্বার

দমকা হাওয়ায় ভেসে আসে-

‘এক্কিকিউজ মী, আমরা ঘুমিয়ে ছিলাম’।

--- শ্রদ্ধেয় বিধান চন্দ্র দে